



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: 8 ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

সাজেকে ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ বুধবার ৪ ডিসেম্বর ২০১৯ এক বিবৃতিতে জেলার বাঘাইছড়ি উপজেলার সাজেকে চিদুজ্যাছড়া এলাকা থেকে সুনীল চাকমা (৪০) নামে এক ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে তার নিঃশর্ত মুক্তি দাবি করেছেন।

বিবৃতিতে তিনি জানান আজ সকাল সাড়ে ১১টার দিকে সুনীল চাকমা সাংগঠনিক কাজে ঐ এলাকায় গেলে তাকে গ্রেফতার করা হয়। এলাকাটি বাঘাইছড়া বাজার থেকে আনুমানিক ৭ মাইল উত্তরে অবস্থিত।

সুনীল চাকমার বাড়ি বাঘাইছড়ার বালুঘাট গ্রামে। তার বাবার নাম রোহিনী মোহন চাকমা। তিনি দীর্ঘ কয়েক বছর ধরে ইউপিডিএফ-এর গণতান্ত্রিক রাজনীতির সাথে জড়িত রয়েছেন।

ইউপিডিএফ নেতা তার গ্রেফতারের ঘটনাকে মৌলিক অধিকারের চরম লঙ্ঘন বলে মন্তব্য করেন এবং অবিলম্বে ইউপিডিএফ-এর উপর দমনপীড়ন বন্ধ করে পার্বত্য চট্টগ্রামে গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।